গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১০.২১.১৭৮৫

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

বিষয়: **নরসিংদী জেলার শিবপুর উপজেলাধীন কুমরাদী দারুল উলুম সিনিয়র ফাযিল মাদ্রাসায় কর্মরত প্রভাষক জনাব মো: শরীফ হোসেন ভূইয়া (ইনডেক্স নং-D343393) এর প্রার্থীত বিষয় সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) জেলা শিক্ষা অফিসার, নরসিংদী এর স্মারক নং-জেশিঅ/নরঃ/২১/২৩৮; তারিখ: ১১.০৩.২১খ্রি.
(০২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১০.২১.১২০০; তারিখ: ২৬.০৯.২০২১খ্রি.
(০৩) জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মো: শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তারিখ: ১৮.১১.২০২১খ্রি. এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার শিবপুর উপজেলাধীন কুমরাদী দারুল উলুম সিনিয়র ফাযিল মাদ্রাসায় কর্মরত প্রভাষক জনাব মো: শরীফ হোসেন ভূইয়া (ইনডেক্স নং-D343393) এর প্রার্থীত বিষয় সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, নরসিংদী এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। বিষয় সংযোজন সংক্রান্ত আবেদনটির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে সূত্রোক্ত (০২) নং স্মারকে মাধ্যমে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মো: শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়।

০৩। সূত্রোক্ত (০৩) নং স্মারকের মাধ্যমে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং মো: শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি তদন্ত প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করা হয়। (কপি সংযুক্ত)

০৪। জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং মো: শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর মতামত- "এমপিও শীটে মো: শরীফ হোসেন ভূইয়া এর বিষয় মুদ্রিত নেই কিন্তু নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে বিষয় IS.HISTORY উল্লেখ আছে এবং এমপিও শিটে বেতন কোড ৭ উল্লেখ আছে যা প্রভাষক (IS.HISTORY)বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত বিষয় IS.HISTORY মর্মে জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং মো: শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে মুদ্রিত বিষয় IS.HISTORY সংযোজনের জন্য আবেদন করেছেন এবং জেলা শিক্ষা অফিসার, নরসিংদী বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ বিষয় IS.HISTORY সংযোজনের সুপারিশ করেছেন। বিধায়নরসিংদী জেলার শিবপুর উপজেলাধীন কুমরাদী দারুল উলুম সিনিয়র ফাযিল মাদ্রাসায় কর্মরত প্রভাষক জনাব মো: শরীফ হোসেন ভূইয়া (ইনডেক্স নং-D343393) এর প্রার্থীত বিষয় IS.HISTORY সংযোজন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৫। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী এর সুপারিশসহ অগ্রায়ণ, জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মো: শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: শরীফ হোসেন ভূইয়া (ইনডেক্স নং-D343393) এর তথ্য এবং প্রার্থীত বিষয় নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | প্রভাষক (IS.HISTORY) পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান বিষয় | প্রার্থীত বিষয় | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: শরীফ হোসেন ভূইয়া, প্রভাষক (ইনডেক্স নং- D343393) কুমরাদী দারুল উলুম সিনিয়র ফাযিল মাদ্রাসা, শিবপুর, নরসিংদী | ০১/১২/১৯৯৭ খ্রি. | বিষয়-নেই | বিষয়- IS.HISTORY | এমপিও শীটে বিদ্যমান বিষয় নেই আবেদনকারীর প্রার্থীত বিষয়- IS.HISTORY সংযোজন যোগ্য। |

০৬। এমতাবস্থায়, জেলা শিক্ষা অফিসার, নরসিংদী এর সুপারিশসহ অগ্রায়ণ, জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মো: শরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: শরীফ হোসেন ভূইয়া (ইনডেক্স নং-D343393) এর বিষয়- IS.HISTORYসংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। **কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ১০ ফর্দ।

১৩-১২-২০২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১০.২১.১৭৮৫/১(৬)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮ / ১৩ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নরসিংদী।
৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবপুর, নরসিংদী।
৪) সভাপতি/অধ্যক্ষ, কুমরাদী দারুল উলুম সিনিয়র ফাযিল মাদ্রাসা, শিবপুর, নরসিংদী ।
৫) জনাব মো: শরীফ হোসেন ভূইয়া, প্রভাষক (ইনডেক্স নং-D343393) কুমরাদী দারুল উলুম সিনিয়র ফাযিল মাদ্রাসা, শিবপুর, নরসিংদী ।
৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর

১৩-১২-২০২১
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)